দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 SEP 2016
পৃষ্ঠা ১৩ কলাম ৭

# ওয়ালটন ট্যালেন্ট হান্ট স্কুল দাবা প্রশিক্ষণ সম্পন্ন

স্পোর্টস রিপোর্টার ॥ ওয়াটন ট্যালেন্ট হান্ট স্কুল দাবা প্রশিক্ষণ কর্মশালা রবিবার অনুষ্ঠিত হয়েছে। দিনব্যাপী এই প্রতিযোগিতা চলে তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়ে। প্রধান অতিথি হিসেবে ওয়ালটন ট্যালেন্ট হান্ট স্কুল দাবা প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করেন ওয়ালটন গ্রুপের স্পোর্টস এ্যান্ড ওয়েলফেয়ার বিভাগের প্রধান এফএম ইকবাল বিন আনোয়ার (ডন)। প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন তেজগাঁও সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহরীন খান রূপা।